

রায়দিঘী কলেজ



তৃতীয় বর্ষ ফাইনাল পরীক্ষার
নিয়মাবলী

ইউজিসি ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের
নির্দেশানুসারে

পরীক্ষা শুরু আগে ছাত্রছাত্রীদের কাছে যা যা থাকা প্রয়োজন -

- একটি ইন্টারনেট কানেকশনযুক্ত স্মার্টফোন।
- স্মার্টফোনে ইন্সটল করা ফটো/ ডকুমেন্ট স্ক্যানার।
- নিজস্ব গুগল মেইল আইডি।
- ডিপার্টমেন্টের মেইল আইডি।
- কলেজ ওয়েবসাইট/ পরীক্ষা বিষয়ক ট্যাবের অ্যাড্রেস
- ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও রোল নং
- প্রমাণ পরিমাণ A4 পাতা/ সাদা লুজ পাতা।
- কালো বা নীল বল পয়েন্ট পেন।

পরীক্ষার উত্তরপত্রে ছাত্রছাত্রীরা কী কী লিখবে?

- নিম্নলিখিত তথ্যগুলি সমন্বিত একটি টাইটেল পেজ রাখবে।

Name of the Exam:

Subject:

Paper:

Roll No.:

Reg. No.:

Total no. of pages attached:

Date:

Question Sl. No. Attempted	1	3	4	7	8	9
Marks Obtained						

পরীক্ষার উত্তরপত্রে ছাত্রছাত্রীরা কী কী লিখবে?

- উত্তরপত্র জমা দেওয়ার সময় যাতে স্ক্যান করতে গিয়ে লেখা কেটে না যায়, তাই প্রতি পাতায় অবশ্যই মার্জিন রাখতে হবে।
- প্রতিটি পাতার উপরে ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন নম্বর, ইউনিভার্সিটি রোল নম্বর, বিষয় কোড, পেপার, এবং তারিখ অতি অবশ্যই লিখতে হবে। সময় বাঁচানোর জন্য আগে থেকেই বেশ কিছু সাদা পাতায় এগুলি লিখে রাখা ভালো।
- প্রতিটি পাতার নিচে পৃষ্ঠাসংখ্যা দেওয়া বাধ্যতামূলক।

প্রশ্নের প্যাটার্ন

- পরীক্ষায় আগে ফুল মার্কস যেমন থাকতো, এখনও তাই থাকবে – ১০০ বা ৫০ বা ৭৫ (ENVS-এর ক্ষেত্রে)।
 - ধরে নেওয়া যাক, আগের সময়ে একটি পেপারে ২০টি প্রশ্নের মধ্যে ১০টি প্রশ্নের উত্তর লিখতে হতো, যেখানে প্রতিটি প্রশ্নে ১০ নম্বর করে থাকতো।
 - এই পরিস্থিতিতে প্রদত্ত প্রশ্ন ২০টিই থাকছে। কিন্তু উত্তর করতে হবে পাঁচটি প্রশ্নের। প্রতিটি প্রশ্নে ২০ নম্বর করে থাকবে।
 - অর্থাৎ, প্রশ্নের অপশন বেশি পাবে ছাত্ররা। উত্তর লেখার প্রশ্নের সংখ্যা কমবে। প্রতি প্রশ্নে নম্বর বাড়বে।
 - প্রতি প্রশ্নে নম্বর বাড়ার অর্থ এই নয় যে ছাত্রছাত্রীদের দ্বিগুণ বেশি লিখতে হবে। বরং, এটাই কাম্য যে সীমিত শব্দের মধ্যে উত্তর লেখা হোক, যাতে স্ক্যান করা ফাইলের সাইজ বড় না হয়ে যায়।
- *এই সংক্রান্ত নির্দেশ প্রশ্নপত্রেই দেওয়া থাকবে। ছাত্রদের চিন্তার কারণ নেই।**

একটি নমুনা পরীক্ষার দিন

1. প্রশ্নপত্র আপলোড/ ডাউনলোড

2. পরীক্ষার দু' ঘণ্টা

3. উত্তরপত্র আপলোড

4. অফলাইন জমা দেওয়া

১। প্রশ্নপত্র আপলোড/ ডাউনলোড

- প্রশ্ন ছাত্রছাত্রীরা এই কয়েক ভাবে পেতে পারে –
 - কলেজের ওয়েবসাইট থেকে বিভাগীয় শিক্ষক প্রশ্নগুলি ডাউনলোড করে সেই PDF ফাইলগুলি বিভাগীয় মেইল থেকে স্টুডেন্টদের মেইলে পাঠিয়ে দিতে পারেন। স্টুডেন্টরা সে ক্ষেত্রে নিজেদের মেইল থেকে প্রশ্ন ডাউনলোড করে নেবে।
 - কলেজ ওয়েবসাইটের লিঙ্কে স্টুডেন্টরা নিজেরাই এসে নির্দিষ্ট প্রশ্ন ডাউনলোড করে নিতে পারে।
 - কলেজের ওয়েবসাইট ছাড়াও কলকাতা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও প্রশ্ন আপলোড করা থাকবে। প্রয়োজনে সেখান থেকেও ছাত্ররা ডাউনলোড করতে পারে। তবে আগের দুটি উপায় অনেক বেশি সহজ।
 - ছাত্রছাত্রীরা প্রশ্ন দেখার সময় পাবে ১১:৪৫ থেকে দুপুর ১২টা পর্যন্ত। কোনও প্রশ্ন বুঝতে অসুবিধে হলে শিক্ষক/ শিক্ষিকার সঙ্গে যোগাযোগ করতে পারে।

২। পরীক্ষার দু' ঘণ্টা

- পরীক্ষা শুরু হবে দুপুর ১২টা নাগাদ।
- পূর্বে বলে দেওয়া ডিপার্টমেন্টের নির্দেশিকা মেনে ছাত্রছাত্রীরা উত্তর লিখবে। উত্তর সংক্ষিপ্ত ও সীমিত শব্দের হওয়া বাঞ্ছনীয়।
- সাদা পৃষ্ঠার এক দিকে লিখবে ছাত্রছাত্রীরা। অন্যদিক ফাঁকা রাখা হবে।
- পরীক্ষা শেষ হবে দুপুর ২টোয়।

৩। উত্তরপত্র আপলোড/ জমা দেওয়া

- অনলাইনে উত্তরপত্র জমা দেওয়ার সময়সীমা পরীক্ষা শেষ হওয়ার পরে ৩০ মিনিট।
- ২টায় পরীক্ষা শেষ হওয়ার পর উত্তরের পাতাগুলিকে পৃষ্ঠাঙ্ক অনুসারে প্রথমে সাজিয়ে নেবে পরীক্ষার্থী।
- তারপর স্মার্টফোনে স্ক্যানার বার করে, উল্লিখিত ক্রমানুসারে পাতাগুলিকে স্ক্যান করবে একের পর এক

—

৩। উত্তরপত্র আপলোড/ জমা দেওয়া

- রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- টাইটেল পেজ
- পৃষ্ঠাঙ্ক ধরে ক্রমানুসারে উত্তর পত্রের ১ থেকে শেষ অর্থাৎ সমস্ত পাতা
- স্ক্যান করা শেষ হলে একজোটে সেগুলি সেভ করতে হবে PDF ফরম্যাটে। ফাইলের নাম 'বিষয়ঃ পেপারঃ রোল নম্বর' এমন হওয়া প্রয়োজন। (যেমন, MTMA: VI: 1234-56-7890)

৩। উত্তরপত্র আপলোড/ জমা দেওয়া

- এরপর সেই PDF ফাইলটি খুলে 'Share' অপশনে ক্লিক করবে পরীক্ষার্থী। সেখান থেকে Mail বেছে নিতে হবে।
- মেইলবক্স খুললে 'To' অংশে নির্দিষ্ট ডিপার্টমেন্টের মেইল আইডি লিখতে হবে। 'Subject' অংশে 'বিষয়-পেপার' লিখতে হবে।
(যেমন GEOG - IV)
- মেইল পাঠিয়ে দেওয়ার আগে অবশ্যই দেখে নিতে হবে, বিভাগীয় মেইল আইডি ঠিক মতো লেখা হয়েছে কিনা, এবং নিচে attachment হিসেবে উত্তরপত্রের PDF ফাইলটি আছে কিনা।
- যেন কোনোভাবেই কোনও ছাত্র/ছাত্রী ডিপার্টমেন্ট থেকে পাঠানো কোনও গ্রুপ মেইলের 'Reply to All'-এ ক্লিক করে তার উত্তরপত্র না পাঠায়।
- উত্তরপত্র মেইলে পাঠানোর সময়সীমা বেলা ২:৩০

৩। উত্তরপত্র আপলোড/ জমা দেওয়া নিয়ে অসুবিধা হলে কী করবে?

- ফাইল পাঠানোর সময়ে কোনোরকম অসুবিধা হলে স্টুডেন্টরা অবশ্যই বিভাগীয় শিক্ষক/ শিক্ষিকার সঙ্গে কথা বলতে পারে।
- ফাইল পাঠানোর দশ মিনিটের মধ্যে যদি ডিপার্টমেন্ট থেকে প্রাপ্তিসংবাদ না আসে, স্টুডেন্ট ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করতে পারে এই বিষয়ে। তার আগে নয়।

৪। অফলাইন জমা দেওয়া

- অনলাইন মাধ্যমে উত্তরপত্র পাঠাতে একেবারেই অপারগ ছাত্রছাত্রীরা পরীক্ষা শেষ হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে কলেজে এসে খাতা জমা দিতে পারে।
- খাতার সঙ্গে অবশ্যই আনতে হবে রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
- খাতা জমা দেওয়ার সময় তাদের দুটি কাগজে সই করতে হবে। যিনি খাতা জমা নেবেন কলেজে, তাঁর সঙ্গে যেন এ ব্যাপারে অতি অবশ্যই তারা যোগাযোগ করে।
- যদি পরীক্ষার্থী নিজে না এসে অভিভাবক আসেন, তাহলে তাকে একটি অথরাইজেশন লেটার স্টুডেন্টের থেকে সই করিয়ে আনতে হবে (ফরম্যাট পরের পাতায়) এবং খাতা জমা দিয়ে নির্দিষ্ট পাতায় সইও করতে হবে।

মাননীয় অধ্যক্ষ
রায়দিঘী কলেজ

বিষয়ঃ বিএ/ বিএসসি ফাইনাল পরীক্ষার খাতা জমা দেওয়ার জন্য অনুমোদন পত্র

তারিখঃ ১.১০.২০২০

বিষয়ঃ EDCA

পেপারঃ V

পরীক্ষার্থীর রোল নংঃ

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নংঃ

অনুমোদিত ব্যক্তির নামঃ

অনুমোদিত ব্যক্তির পরীক্ষার্থীর সঙ্গে সম্পর্কঃ

অনুমোদিত ব্যক্তির সইঃ

আমি এতদ্বারা (অনুমোদিত ব্যক্তির নাম).....-কে আমার আজকের পরীক্ষার উত্তরপত্র
জমা দেওয়ার দায়িত্বে অনুমোদিত করলাম।

তারিখঃ

(পরীক্ষার্থীর সই)

এই নিয়মাবলী তৈরি করা হয়েছে ইউজিসি গাইডলাইন এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ২১শে সেপ্টেম্বর, ২০২০ অর্দি প্রাপ্ত নির্দেশিকা অবলম্বনে।

রায়দিঘী কলেজ